



বসুন্ধরা সিটিতে এডুকেশন ওয়ার্ল্ড ওয়াইড এক্সপোর একটি স্টলে আসা দর্শনার্থীরা -যাযাদি

## এডুকেশন ওয়ার্ল্ড ওয়াইড এক্সপো ২০০৯ শুরু

যাযাদি রিপোর্ট

আধুনিক শিক্ষা ও কর্ম সুযোগের পথনির্দেশনার লক্ষ্য নিয়ে দেশের দ্বিতীয় বৃহত্তম শিক্ষা মেলা 'তৃতীয় এডুকেশন ওয়ার্ল্ড ওয়াইড এক্সপো' গতকাল থেকে শুরু হয়েছে। রাজধানীর বসুন্ধরা সিটির এক্সিবিশন সেন্টারে অনুষ্ঠিত চারদিনব্যাপী এ শিক্ষামেলার উদ্বোধন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর জামিলুর রেজা চৌধুরী। উদ্বোধন শেষে তিনি পুরো এক্সিবিশনটি ঘুরে দেখেন। এ সময় উপস্থিত ছিলেন, সেমস গ্লোবালের প্রেসিডেন্ট এবং গ্রুপ ম্যানেজিং ডিরেক্টর মেহেরুল এন. ইসলাম। এক্সিবিশনে বাংলাদেশের আটটি শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও ইউকে, স্কটল্যান্ড,

অস্ট্রেলিয়া, কানাডা, সাইপ্রাস, ডেনমার্ক, সাউথ আফ্রিকা, জার্মানি, রাশিয়া, ফিনল্যান্ড, আয়ারল্যান্ড, সিঙ্গাপুর সুইডেন ও মালয়েশিয়ার ৫০টিরও বেশি বিশ্ববিদ্যালয়, শিক্ষাকেন্দ্র এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অংশ নিয়েছে। মেলায় ৮০টির বেশি স্টল আছে। এখানে প্রার্থীদের পছন্দের বিশ্ববিদ্যালয়ে সাক্ষাৎকার ও স্পট অ্যাডমিশন সম্পন্ন করার ব্যবস্থা করা হয়েছে। বাংলাদেশের শিক্ষার্থীরা এ এক্সিবিশন থেকে তথ্য সংগ্রহ করে উচ্চ শিক্ষার পরিকল্পনা গ্রহণ করতে পারবে। এক্সিবিশনটির মিডিয়া পার্টনার এ টি এন বাংলা, সমকাল, রেডিও টুডে এবং ওয়েব পার্টনার প্রথম আলো জবস ও টেকনোলজি পার্টনার এসার।